

আজকের বাজার

ব্যবসা বাণিজ্যের দৈনিক

ঢাকা, ২৪শে জানুয়ারি, ২০১৮ ইং, ১১ই মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ, ৬ই
জমাদিউল-আউয়াল, ১৪৩৯ হিজরী

আদর্শ জাতি গঠনে নৈতিক শিক্ষা জরুরী

:: এস এম জাকির হোসাইন | ৩ জানুয়ারি ২০, ২০১৮ ১:০১



শনিবার ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় তাদের ৫ম সমাবর্তন অনুষ্ঠান। যেখানে রাষ্ট্রপতির পক্ষে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

সমাবর্তনে মোট ৯৬২ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হয়। তাদের মধ্যে সেরা চার মেধাবী শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়।

এ সময় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে ব্যয়সীমা কমানোর আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সব স্তরের শিক্ষার্থীদের পড়ার সুযোগ তৈরি করে দিতে মন্ত্রী এমন আহ্বান জানিয়েছেন।

তিনি বলেন, যেসব বিশ্ববিদ্যালয় নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে, যারা মুনাফার লক্ষ্য নিয়ে চলতে চায়, যারা নিজস্ব ক্যাম্পাসে এখনও যায়নি, যারা একাধিক ক্যাম্পাসে পাঠদান পরিচালনা করছে তাদের বিরুদ্ধে অব্যাহত চাপ রেখেও সঠিক ধারায় আনা কঠিন হয়ে পড়েছে। এজন্য তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ছাড়া আর কোন পথ খোলা রাখেনি তারা।



ছবিঃলতিফ

শিক্ষামন্ত্রী বলেন, দেশের বাস্তবতা এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিসসহ সব ধরনের ব্যয় একটি সীমা পর্যন্ত নিধারিত রাখতে উদার দৃষ্টিভঙ্গি তৈরি করতে হবে।

মন্ত্রী বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তাদের ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণ, সেবার মনোভাব ও শিক্ষার জন্য অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। একইসঙ্গে আমাদের দেশের বাস্তবতা এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিসহ সব ধরনের ব্যয় একটি সীমা পর্যন্ত নির্ধারিত রাখতে অনুরোধ করেন।

৬৬ দেশের বাস্তবতা এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিসহ সব ধরনের ব্যয় একটি সীমা পর্যন্ত নিখারিত রাখতে উদার দৃষ্টিভঙ্গি তৈরি করতে হবে □

বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় অনেক করছে, আবার অনেকে বিশ্ববিদ্যালয়কে ব্যবসা প্রতিষ্ঠান বানিয়েছে। ব্যবসা প্রতিষ্ঠান চালানো আর শিক্ষা প্রতিষ্ঠান চালানো এক বিষয় নয়। এ কারণে যে কাজটি উপাচার্যের করার কথা কিন্তু তা করছেন বোর্ড অব ট্রাস্টিজের সদস্যরা। এটি কাম্য নয়। এতে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে শৃঙ্খলা থাকে না।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর শিক্ষার্থীদের ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে নিজেদের আত্মনিয়োগ করার আহ্বান জানান। অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী ও অভিভাবক প্রমুখ উপস্থিত ছিলেন।

আজকের বাজার:এসএস/সালি, ২০ জানুয়ারি ২০১৮

সব বাজারের সব খবর ... আজকের বাজার     সব মিডিয়ার সমাহার !!!

    আজকের বাজার  দেশের প্রথম ওয়ান স্টপ মিডিয়া

সম্পাদক ও প্রকাশক

সৈয়দ আতিয়ার রহমান

📍 ২৭ লিংক রোড (৪র্থ তলা) বাংলা মোটর, ঢাকা ১০০০

☎️ ফোনঃ ৯৬৬৪৪২৬-২৭, 📠 ফ্যাক্সঃ ৯৬৬৪৪২৭

✉️ ইমেইলঃ editor@ajkerbazaar.com

© স্বত্ব আজকের বাজার ২০১৬ - ২০১৮